

শুগান্থ

প্রিন্ট: ২০ জানুয়ারি ২০২৫, ০৯:০২ এএম

শিক্ষাজ্ঞন

জবির আবাসন সমস্যা সমাধানে ৭ সদস্যের কমিটি



জবি প্রতিনিধি

প্রকাশ: ২০ জানুয়ারি ২০২৫, ০১:৫০ এএম



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের আবাসন ভাতার বাজেট প্রস্তাবনা তৈরির জন্য ৭ সদস্যের কমিটি গঠন করা হয়েছে। কমিটিকে আগামী ২০ কার্য দিবসের মধ্যে প্রতিবেদন প্রদান করতে বলা হয়।

রোববার (১৯ জানুয়ারি) বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অধ্যাপক ড. মো. শেখ গিয়াস উদ্দিন স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। কমিটিতে বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. সাবিনা শরমিনকে আহ্বায়ক এবং অর্থ ও হিসাব দপ্তরের পরিচালক ড. শেখ রফিকুল ইসলামকে সদস্য সচিব করা হয়।

কমিটির অপর সদস্যরা হলেন, প্রষ্টর অধ্যাপক ড. তাজাম্বুল হক, ছাত্রকল্যাণ পরিচালক ড. কে এ এম রিফাত হাসান, ইতিহাস বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ বিলাল হোসাইন, ইংরেজি বিভাগের সহযোগী অধ্যাপক নাসির উদ্দিন আহমদ, আইন বিভাগের সহযোগী অধ্যাপক মুহম্মদ আসাদুজ্জামান সাদী।

উল্লেখ্য, তিনি দফা দাবিতে রোববার (১২ জানুয়ারি) থেকে অনশন কর্মসূচি শুরু করে জবি শিক্ষার্থীরা। পরদিন সোমবার বিকালে সচিবালয়ের অনশনে বসেন শিক্ষার্থীরা। পরে দুইটি দাবি মেনে নেওয়ার লিখিত আশ্বাস পেয়ে অনশন ভাঙেন তারা। পরে শুক্রবার, ১৭ জানুয়ারি শাট ডাউন কর্মসূচি প্রত্যাহার করেন শিক্ষার্থীরা।